

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 30-01-2026**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) সারা দেশের সঙ্গে রাজ্যেও মহাত্মা গান্ধীৰ জন্মদিন আজ শহীদ দিবস হিসেবে পালিত হচ্ছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, মেডিক্যাল ও কারিগরি শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে ত্ৰিপুৰা বৰ্তমানে শিক্ষাৰ একটি হাব হয়ে উঠেছে।
- (৩) কেন্দ্ৰীয় স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী অমিত শাহ আজ আসামেৰ ডিব্ৰুগড়ে দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স সহ ১,৭১৫ কোটি টাকাৰ উল্লয়ন প্ৰকল্পেৰ সূচনা কৰেছেন।
- (৪) ত্ৰিপুৰা ও দিল্লিৰ মধ্যে কৰ্ণেল সিকে নাইডু ট্ৰফি অনূৰ্ধ্ব ২৩ বছৰেৰ ক্ৰিকেটেৰ চাৰদিনেৰ খেলা আজ থেকে আগৰতলায় শুৰু হয়েছে।

\*\*\*\*\*

**Martyrs' Day :**

মহাত্মা গান্ধীৰ মৃত্যু দিন আজ সারা দেশে শহীদ দিবস হিসেবে পালিত হচ্ছে। রাষ্ট্ৰপতি দ্ৰৌপদী মুৰ্মু রাজঘাটে মহাত্মা গান্ধীৰ প্ৰতি শ্ৰদ্ধা নিবেদন কৰেন। উপ-রাষ্ট্ৰপতি সিপি রাধাকৃষ্ণণ এবং প্ৰধানমন্ত্ৰী নৰেন্দ্ৰ মোদীও মহাত্মা গান্ধীৰ স্মৃতিসৌধে পুষ্পাৰ্ঘ্য অৰ্পণ কৰেন। কেন্দ্ৰীয় স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী অমিত শাহও জাতিৰ পিতাৰ মৃত্যুবাৰ্ষিকীতে শ্ৰদ্ধা জানিয়েছেন। এই উপলক্ষে, নতুনদিল্লিৰ রাজঘাটে গান্ধী সমাধিতে সৰ্ব-ধৰ্ম প্ৰাৰ্থনাৰ আয়োজন কৰা হয়। আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে গান্ধী স্মৃতিতে আয়োজিত আন্তঃধৰ্মীয় প্ৰাৰ্থনা সভায় উপরাষ্ট্ৰপতি সিপি রাধাকৃষ্ণণ এবং প্ৰধানমন্ত্ৰী নৰেন্দ্ৰ মোদী যোগ দেন।

\*\*\*\*\*

### **Martyrs Day–State :**

রাজ্যেও আজ জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়াণ দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগরতলায় সার্কিট হাউজ সংলগ্ন গান্ধী মূর্তির পাদদেশে ও গান্ধীঘাটে গান্ধীর বেদীতে মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডঃ বিশাল কুমার, মহকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ। সেখানে রাজ্যপাল সাংবাদিকদের বলেন, মহাত্মা গান্ধী সত্য, অহিংসা এবং স্বদেশি পণ্য ব্যবহারের যে বার্তা দিয়েছেন, তা আজও প্রাসঙ্গিক। আত্মনির্ভর ভারত গঠনের লক্ষ্যে জনগণকে গান্ধীজির আদর্শ অনুসরণ করতে এবং দেশীয় পণ্যের ব্যবহার বাড়াতে আহ্বান জানান।

আগরতলা কংগ্রেস ভবনের সামনে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে কংগ্রেস নেতৃবৃন্দ শ্রদ্ধা নিবেদন করেন। এরপর কংগ্রেস নেতৃবৃন্দ আগরতলায় গান্ধীঘাটে গিয়ে বাপুর সমাধিস্থলে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

\*\*\*\*\*

### **Platinum Jubilee of NSV C.M :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মেডিক্যাল ও কারিগরি শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা বর্তমানে শিক্ষার একটি হাব হয়ে উঠেছে। দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষার্থীরা রাজ্যে আসছেন শিক্ষা গ্রহণের জন্য। রাজ্যের ছেলেমেয়েরাও বিভিন্ন শিক্ষার সুযোগ পাচ্ছেন। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে নেতাজি সুভাষ বিদ্যানিকেতনের প্ল্যাটিনাম জুবিলির সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের শিক্ষার প্রতি আগ্রহ তৈরিতে রাজ্য সরকার বিদ্যাজ্যোতি, বিদ্যাসেতু মডিউল, মিশন মুকুল সহস্র প্রকল্প, সুপার থার্টী, পারসোনালাইজ এডোপট্যাড লার্নিং ল্যাব প্রভৃতি বিভিন্ন প্রকল্প চালু করেছে। আগরতলার মহিলা মহাবিদ্যালয়কে একটি বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজিকে একটি

কারিগরি বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনুষ্ঠানে নেতাজি সুভাষ বিদ্যানিকেতনের পরিচালন কমিটির সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, পরিচালন সমিতির সম্পাদক প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস, বিদ্যানিকেতনের সহকারী প্রধান শিক্ষিকা বর্ণালী মজুমদার বক্তব্য রাখেন। উল্লেখ্য, ১৯৪৮ সালে নেতাজি সুভাষ বিদ্যানিকেতন প্রতিষ্ঠা করা হয়।

\*\*\*\*\*

#### **Minister Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ ঊনকোটি কলাক্ষেত্রে জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষ্যে এক আলোচনাচক্রের উদ্বোধন করেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের নতুন শ্রম কোডে নারী-পুরুষদের সমকাজে সম-মজুরী'র অধিকার দেওয়া হয়েছে। রাজ্যে রেশনশপের পরিচালনায় অনেক মেয়েরা দায়িত্ব পেয়েছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

#### **CBC Awareness :**

কেন্দ্রীয় সঞ্চার ব্যুরো আগরতলা শাখার উদ্যোগে আজ আগরতলার বালীবিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এক বিশেষ সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। এই কর্মসূচীতে ছিল স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কে নাম এবং নেশা মুক্ত ভারত অভিযান। সেমিনারে বিশেষজ্ঞ বক্তা সুব্রত বিশ্বাস ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি দৈনন্দিন জীবনে পরিচ্ছন্নতাকে অভ্যাসে পরিণত করার গুরুত্ব তুলে ধরেন এবং সমাজের প্রতিটি স্তরে স্বাস্থ্যবিধি রক্ষায় জনগণের সক্রিয় অংশগ্রহণের ওপর জোর দেন। এক পেড় মা কে নাম কর্মসূচির আওতায় তিনি সকলকে তাঁদের মায়ের নামে একটি করে গাছের

চাৰা ৰোপণেৰ আহ্বান জানান। শ্ৰী বিশ্বাস শিক্ষাৰ্থীদেৰ মাদকাসক্তিৰ  
ক্ষতিকাৰ প্ৰভাৱ সম্পৰ্কে সচেতন থাকতে এৰং নেশা থেকে দূৰে থাকার  
শপথ নিতে পৰামৰ্শ দেন।

\*\*\*\*\*

#### **Road Accident-died Four :**

উনকোটি জেলার কুমাৰঘাটের সিদংছড়াতে আসাম-আগরতলা জাতীয়  
সড়কে আজ এক মৰ্মান্তিক সড়ক দুৰ্ঘটনায় দুজন মহিলা সহ চাৰজনৈৰ  
মৃত্যু হয়েছে ও আহত হয়েছে দুইজন। আজ সকালে পেঁচাৰথলৈৰ দিক থেকে  
সিমেন্ট বোঝাই একটি লৰিৰ সঙ্গে বিপৰীত দিক থেকে আসা একটি  
অটোৰিক্সাৰ মুখোমুখি সংঘৰ্ষে এই দুৰ্ঘটনা ঘটে। নিহতৰা হল- কুমাৰঘাটের  
উত্তৰ পাৰিয়াছড়ার ভাস্কৰ গোস্বামী, লংতৰাইভ্যালি মহকুমাৰ কাঞ্চনা  
চাকমা, হৰিশংকৰ দেবব্ৰাতা ও গৌৰীমিলি চাকমা। এই দুৰ্ঘটনায় আহত  
দুইজন মহিলাৰ মধ্যে একজনকে উন্নত চিকিৎসাৰ জন্য শিলচৰ পাঠানো  
হয়েছে। অপরজন কৈলাশহৰ জেলা হাসপাতালে চিকিৎসাধীন।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবৰ শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্ৰ থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীৰ সংবাদেৰ আপডেট পেতে লগ ইন কৰুন - ডব্লিউ. ডব্লিউ.  
ডব্লিউ ডট নিউজ অন এ আই আৰ ডট কম এৰং নিউজ অন এ-আই-  
আৰ অ্যাপ, এৰং টুইটাৰ ও ফেসবুক প্লাটফৰ্মে-এ এ-আই-আৰ-নিউজ-  
এলাৰ্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য কৰুন নিউজ-অন-এআইআৰ-  
অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলাৰ সংবাদ আপডেট পেতে দেখুন টুইটাৰ  
বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আৰ  
নিউজ আগরতলা এৰং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসামের ডিব্ৰুগড়ে দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স সহ ১,৭১৫ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন। সেখানে জনসভায় শ্রী শাহ বলেন, ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তি ইউরোপীয় দেশগুলিতে আসামের চা রপ্তানি বৃদ্ধি করবে। তিনি বলেন, কেন্দ্র আসামকে বন্যামুক্ত করার জন্য বেশ কিছু পদক্ষেপ নিয়েছে এবং রাজ্যে উন্নয়ন, শান্তি, নিরাপত্তা ও শিল্প প্রবৃদ্ধির জন্য সরকার কাজ করছে।

#####Byte-Amit Shah#####

তিনি বলেন, বিজেপি সরকারের অধীনে আসামে এখন শান্তি ও উন্নয়নের পরিবেশ বিরাজ করছে। আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে স্বরাষ্ট্রমন্ত্রী প্রকল্পগুলি উন্মোচন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স, এমএলএ হোস্টেল, বন্যপ্রাণী স্বাস্থ্য ও গবেষণা কেন্দ্র, উন্নত পরীক্ষাগার সুবিধা এবং প্রশিক্ষণ ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি আধুনিক বহুমুখী ক্রীড়া কমপ্লেক্সের প্রথম পর্যায়ের উদ্বোধন এবং দ্বিতীয় পর্যায়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। পরে স্বরাষ্ট্রমন্ত্রী গুয়াহাটিতে রাজ্য বিজেপি সদর দপ্তরে দলীয় সদস্যদের সাথে আলোচনায় অংশ নেন।

\*\*\*\*\*

#### **OC Transfer :**

রাজ্য পুলিশে ওসি স্তরে ১৬ জনকে বদলি করা হয়েছে। এয়ারপোর্ট থানায় ইন্সপেক্টর সুশান্ত দেব, এডিনগর থানায় এসআই অভিজিত মন্ডল, নতুন বাজার থানায় বিষ্ণুপদ ভৌমিক, বিলোনিয়া থানায় ইন্সপেক্টর সঞ্জিত সেন, ফটিকরায় থানায় ইন্সপেক্টর সহদেব দাস, লেফুঙ্গা থানায় ইন্সপেক্টর রাজকুমার জমাতিয়া, পানিসাগর ইন্সপেক্টর আশুতোষ শর্মা, মধুপুর থানায় এসআই উজ্জ্বল চৌধুরী, কদমতলা থানায় ইন্সপেক্টর গুরুপদ দেবনাথ, সিধাই থানায় ইন্সপেক্টর সঞ্জয় লস্কর, কলমচোড়া থানায় ইন্সপেক্টর সুবিমল

বর্মণ এবং নতুন বাজার থানায় ইনস্পেক্টর বিষ্ণুপদ ভৌমিক ওসি হিসেবে দায়িত্ব পেয়েছেন।

\*\*\*\*\*

### **BJP Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এডিসি নির্বাচনকে সামনে রেখে সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, সাধারণ সম্পাদক বিপিন দেব্বর্মা সহ অন্যান্য কার্যকর্তাগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Review Meeting-Khowai :**

প্রাণিসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে এক পর্যালোচনা বৈঠক আজ খোয়াই জেলাশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে চলতি অর্থবছরে বাজেট বরাদ্দ দিয়ে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প কি কিভাবে বাস্তবায়িত হয়েছে তার বিশদ পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার জেলা শাসক রজত পান্ড ও খোয়াই এবং তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যানগণ।

\*\*\*\*\*

### **Ratan Chakraborty :**

বিধায়ক রতন চক্রবর্তী আজ জিরানিয়া পশ্চিম নোঁয়াগাও এলাকায় যতীন্দ্র কুমার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন দ্বিতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি বলেন শিক্ষার মানোন্নয়নের লক্ষে পরিকাঠামো উন্নয়ন, শিক্ষক নিয়োগ, ডিজিটাল ক্লাসরুম ও ছাত্রছাত্রীদের বৃত্তি বৃদ্ধিতে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **Forest Minister :**

তুলাশিখর কৃষি মহকুমার উদ্যোগে সীতেশ স্মৃতি কমিউনিটি হলে আজ স্থানীয় কৃষকদের উৎপাদিত সবজি-প্রদর্শনীর আয়োজন করা হয়। সেখানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা স্থানীয় কৃষকদের মধ্যে ৪০ লক্ষ টাকার কৃষি সামগ্রী বিতরণ করেন। উপস্থিত ছিলেন এডিসির কার্য নির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, খোয়াই জোনাল চেয়ারম্যান বিশু দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

### **ARDD ,Sepahijala :**

প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ বিশ্রামগঞ্জে সিপাহীজলা জেলার প্রাণী পালকদের নিয়ে এক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত।

\*\*\*\*\*

### **Awareness, Road safety :**

জাতীয় সড়ক নিরাপত্তা মাস উপলক্ষে আজ নরসিংগড়ে টিআইটি অডিটরিয়ামে সচেতনতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা করেন পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, পশ্চিম জেলার এসপি নমিত পাঠক, এসডিপিও সুব্রত বর্মণ প্রমুখ। পুলিশ সুপার শ্রী পাঠক উপস্থিত ছাত্রছাত্রীদের হেলমেট পরে যান চালানোর বিষয়ে সতর্ক করেন ও সড়ক নিরাপত্তার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় গুজরাটের বিরুদ্ধে লড়াই করছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে ৭ উইকেটে ২৬৭ রান থেকে দ্বিতীয় দিনে ব্যাট করতে নেমে আজ সফরকারী গুজরাট প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩৫২ রান করে। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে

দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ২০৮ রান করে। রাজ্যদলের শ্রীদাম পাল ৬৯ ও বিজয় শঙ্কর অপরাজিত ৫১ রান করেন।

\*\*\*\*\*

### **Naidu Trophy :**

ত্রিপুরা ও দিল্লির মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। নরসিংগরের পিটিএ মাঠে টসে হেরে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৪৯ রান করে। জবাবে খেলতে নেমে সফরকারী দিল্লি প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১১৫ রান করে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*